# ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মাহ্মুদ হাসান সুমন
চেয়ারম্যান, ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
তারিখ ঃ ২৮/০৩/২০১৬ খ্রিঃ।
সময় ঃ সকাল ঃ ১১:০০টা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'

মাহ্মুদ হাসান সুমন, চেয়ারম্যান, ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতি সভায় উপস্হিত সকলকে ধন্যবাদ জানিয়ে যথাযথভাবে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ উপজেলা মাসিক সভা পরিচালনায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভায় নিম্নবর্ণিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১ নং আলোচ্যসূচি ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

২নং আলোচ্যসূচীঃ বিভাগ ভিত্তিক আলোচনা ।

| | বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তার পরিচয় সভায় উপস্থাপন করেন। তিনি বলেন বিভাগীয় কার্যক্রম যথাযথ চলছে। হাসপাতালের কাজের গতি ফিরিয়ে আনা হয়েছে । হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০২ | **উপজেলা মৎস্য বিভাগ ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কাজ যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন ঋন আদায় কার্যক্রম চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৩ | **কৃষি সম্প্রসারণ বিভাগঃ** উপজেলা কৃষি অফিসার জানান যে, তার বিভাগীয় কার্যাদি সুষ্ঠুভাবে চলছে । সারের কোন সমস্যা নেই । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৪ | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, প্রাণি সম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই বলে তিনি জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্তগৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ জানান যে, জনসংখ্যা গণনার কাজ চলছে। স্থায়ী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের জন্য প্রণোদনা দেয়া হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্তগৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০৬ | **উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই বলে তিনি জানান। সামাজিক নিরাপত্তা মূলক সকল কর্মসূচি যথাযথভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ঈশ্বরগঞ্জ। |
| ০৭ | **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ে নারী পাচার ও যৌতুক বিরোধী আন্দোলন, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ রোধ ইত্যাদি বিষয়ে গণসচেতনতা কার্যক্রমের অংশ হিসেবে সভা/সমাবেশ অব্যাহত আছে। তিনি বলেন ঈশ্বরগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়ন ও ০১টি পৌরসভাকে ইতোমধ্যে বাল্যবিয়ে মুক্ত ঘোষণা করা হয়েছে। কিছু দিনের মধ্যেই আনুষ্ঠানিকভাবে ঈশ্বরগঞ্জ উপজেলাকে বাল্যবিয়ে মুক্ত উপজেলা ঘোষণা করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৮ | **যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই বলে তিনি জানান। তিনি আরো জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরে প্রশিক্ষণের মাধ্যমে আর্থিকভাবে যুবকদেরকে স্বাবলম্বী করা হচ্ছে। ন্যাশনাল কর্মসূচির আওতায় ১ম ব্যাচের প্রশিক্ষণ শেষ পর্যায়ে রয়েছে। ০১ জুন ২০১৬ তারিখ থেকে ২য় পর্যায়ের প্রশিক্ষণ শুরু হবে। তিনি প্রকল্পটি সুষ্ঠু বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্তগৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ০৯ | **উপজেলা প্রকৌশল বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই । ২০১৫-২০১৬ অর্থ বছরে এ পর্যন্ত এডিপি (সাধারণ) ও এডিপি (বিশেষ) বরাদ্দের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের প্রক্রিয়া শুরু করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ বাস্তবায়নে তিনি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ঈশ্বরগঞ্জ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ১০ | প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সারাদেশের ন্যায় প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্ট সফল আয়োজনে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | সম্প্রতি ঘটে যাওয়া ভূমিকম্পে ১৮টি প্রাথমিক বিদ্যালয় ভবন সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার। উপজেলা প্রকৌশলী। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | উপজেলা সমবায় বিভাগঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা, সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম যথারীতি চলছে। তিনি গ্রামীণ উন্নয়ন কর্মসূচির সমিতি সদস্যদের সমন্বয়ে সভা হবে মর্মে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ১২ | ত্রাণ বিভাগঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের মূল এবং মউ কর্মসূচীর কার্যক্রম যথারীতি চলছে। পাশাপাশি একটি বাড়ী একটি খামার প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া তাঁর বিভাগীয় ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্তগৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |
| ১৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি এসএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিকভাবে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। |

৩ নং আলোচ্যসূচী ঃ **বিবিধ** ।

১। উপজেলা চেয়ারম্যান ও সভাপতি সভায় বলেন যে মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য অফিস সহায়ক পদে ০২জন কর্মচারী নিয়োগের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত উপজেলা বাছাই কমিটি যাবতীয় আনুষ্ঠানিকতা সমাপনান্তে সাক্ষাৎকারের মাধ্যমে (১) জনাব মোঃ আতাউর রহমান পিতা-মৃত আব্দুর রহমান, মাতা-সুফিয়া আক্তার, গ্রাম-দত্তপাড়া, পোঃ ঈশ্বরগঞ্জ, জেলা-ময়মনসিংহ (২) জনাব আমিন মিয়া, পিতা-মমিন আলী, পিতা- আম্বিয়া খাতুন,গ্রাম- চরহোসেনপুর, পোঃ+ উপজেলা- ঈশ্বরগঞ্জ, জেলা-ময়মনসিংহকে নিয়োগের জন্য সুপারিশের প্রেক্ষিতে তিনি অদ্যকার সভায় বিষয়টি অনুমোদনের জন্য অনুরোধ জানান।

২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থের গৃহীত প্রকল্প সমূহ ইতোমধ্যে প্রকল্প যাচাই বাছাই কমিটি অনুমোদিত হয়েছে। তিনি গৃহীত প্রকল্প সমূহ জনস্বার্থ ও গুরুত্ব বিবেচনায় টেন্ডার আহবান ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অদ্যকার সভার অনুমোদন কামনা করেন।

৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে জনগুরুত্ব ও জনস্বার্থ বিবেচনায় ঈশ্বরগঞ্জ ইউনিয়ন ও সোহাগী ইউনিয়নের জনগণের পানীয় জলের অভাব দূরীকরণার্থে ০৫টি করে মোট ১০টি টিউবওয়েল স্থাপন করা প্রয়োজন। তিনি অদ্যকার সভায় বিষয়টি অনুমোদনের জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ**

১। অফিস সহায়ক পদে ০২জন কর্মচারী নিয়োগের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত উপজেলা বাছাই কমিটি যাবতীয় আনুষ্ঠানিকতা সমাপনান্তে সাক্ষাৎকারের মাধ্যমে (১) জনাব মোঃ আতাউর রহমান পিতা-মৃত আব্দুর রহমান, মাতা-সুফিয়া আক্তার, গ্রাম-দত্তপাড়া, পোঃ ঈশ্বরগঞ্জ, জেলা-ময়মনসিংহ (২) জনাব আমিন মিয়া, পিতা-মমিন আলী, পিতা- আম্বিয়া খাতুন,গ্রাম- চরহোসেনপুর, পোঃ+ উপজেলা- ঈশ্বরগঞ্জ, জেলা-ময়মনসিংহকে নিয়োগের জন্য সুপারিশের প্রেক্ষিতে আজকের সভায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হলো।

২। বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থের উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি অনুমোদিত প্রকল্প সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। প্রকল্প সমূহ জরুরী ভিত্তিতে নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়নের নিমিত্তে টেন্ডার আহবান ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো। **(অনুমোদিত এডিপি প্রকল্পের তালিকা "পরিশিষ্ট - খ" দ্রষ্টব্য )**

৩। জনগুরুত্ব বিবেচনায় ঈশ্বরগঞ্জ ইউনিয়ন ও সোহাগী ইউনিয়নের জনগণের পানীয় জলের অভাব দূরীকরণার্থে ০৫টি করে মোট ১০টি টিউবওয়েল স্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। উপজেলা প্রকৌশলীকে ০২টি পৃথক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রকল্প ০২টি বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হলো।

অতঃপর সভায় অন্যকোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মাহমুদ হাসান সুমন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নং- উনিঅ/ঈশ্বর/ময়মন/২০১৬ - ৯৪৫(৪৩) তারিখ ঃ ২৮/০৩/২০১৬ খ্রিঃ

**বিতরণঃ**

০১ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩, ময়মনসিংহ-৮, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ। সদয় জ্ঞাতার্থে।
০২ কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
০৩ জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৫ মেয়র, পৌরসভা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৬ সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা প্রশাসন-২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭ সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, শাখা-২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮ ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৯ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
১০ জেলা.................................................................. কর্মকর্তা, ময়মনসিংহ।
১১ উপজেলা..................................................................কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
১২ চেয়ারম্যান, -------------------------(সকল) ইউনিয়ন পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
১৩ জনাব..................................................................সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।